বেসিক ব্যাংক পিএলসি.

সমৃদ্ধির পথে মানুষের সাথে

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক

বগুড়া শাখা

ভবানী শচীন ভবন, হরিদাসী মার্কেট, ১২০ বড়গোলা, বগুড়া।

নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

(অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৫) ধারার সার্টিফিকেট বলে অর্জিত সম্পত্তি বিক্রয়ের নিমিত্তে) এতদ্বারা প্রকৃত ক্রেতা ও সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বেসিক ব্যাংক পিএলসি বগুড়া শাখা, বগুড়া এর খেলাপী **ঋণ গ্রহীতা প্রতিষ্ঠান "মেসার্স লুৎফা কটন মিলস্" এর স্বত্বাধিকারী মোঃ শহিদুল ইসলাম,** পিতাঃ মৃত বছির উদ্দিন, মোকামঃ নাকুরগাছী, হিলি রোড, পাঁচবিবি, জয়পুরহাট ও বর্তমান ঠিকানাঃ সাং- মালঞ্চা, মাতাইশ মঞ্জিল, উপজেলা- পাঁচবিবি, জেলা- জয়পুরহাট। বেসিক ব্যাংক পিএলসি, বগুড়া শাখা, বগুড়া হইতে ০১ (একটি) সি.সি (হাইপো) ও ০১ (একটি) মেয়াদী ঋণ গ্রহন করেন, উক্ত ঋণের বিপরীতে মোঃ শহিদুল ইসলাম, পিতাঃ মৃত বছির উদ্দিন, স্বত্বাধিকারী মেসার্স লুৎফা কটন মিলস্ ঋণ গ্রহীতা বন্ধকদাতা ও জিম্মাদার। এদের বিরুদ্ধে ডিক্রীদার ব্যাংক অর্থঋণ মোকদ্দমা নং- ১৮৬/২০২১, তারিখঃ ১৪/১১/২০২১ পরবর্তিতে অর্থজারী মোকদ্দমা নং- ১৪৯/২০২৩ তারিখঃ ৩০/০৭/২০২৩ (বগুড়া) ও স্থানান্তরিত জয়পুরহাট আদালত মোকদ্দমা নং- ০৬/২০২৪ দায়ের করে। পরবর্তিতে বিজ্ঞ আদালত অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৫) ধারার বিধান মোতাবেক ডিক্রীদার ব্যাংকের **পাওনা ও ডিক্রীকৃত টাকা ৯৭,১৩,২১৫.৯৪ (সাতানব্বই লক্ষ তের হাজার দুইশত পনের টাকা চুরানব্বই পয়সা মাত্র)** এবং উক্ত টাকা আদায় হওয়া কালতক পর্যন্ত সময়ের জন্য ডিক্রীকৃত টাকার উপর ১২% বার্ষিক সরল হার সুদ পরিশোধ না হওয়া পর্যন্ত দায়িক পক্ষের স্বত্ব দখলীয় নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি দখলভোগের/বিক্রয়ের অধিকার লাভ করেন এবং বিগত ০৬/০১/২০২৬ ইং তারিখে বিজ্ঞ অর্থঋণ আদালত জয়পুরহাট ডিক্রীদার- ব্যাংকের বরাবরে একখানা সার্টিফিকেট প্রদান করেন। ফলে ডিক্রীদার-ব্যাংক কর্তৃক পাওনা ডিক্রীকৃত টাকা এবং নিলামকাল পর্যন্ত সুদ ও আনুষঙ্গিক খরচ আদায়ের লক্ষ্যে নিম্ন তফসিল সম্পত্তি নিলামে বিক্রয়ের নিমিত্তে আগ্রহী ক্রেতাগনের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির বিবরণ

ক. ৫৫.০০ শতক জমি ও তদুপরিস্থিত যাবতীয় অবকাঠামো যাহা জেলা- জয়পুরহাট, থানা- পাঁচবিবি, **মৌজা- নকুরগাছী,** জে.এল নং- ৬৮ স্থিত- এম.আর.আর খতিয়ান নং- ১১১ ও ১১২, আর.এস খতিয়ান নং- ২৮, সাবেক দাগ নং- ৩০৫, ৩০৬ ও ৩০৭, হাল দাগ নং- ৪২৪, ৪২৫, ৪২৬ ও ৪২৭ **যার মালিক মোঃ শহিদুল ইসলাম (স্বত্তাধিকারী)।**

শর্তাবলীঃ

১. প্রত্যেক দরদাতাকে অত্র বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), টেন্ডার মূল্য অংকে ও কথায় এবং খামের উপর স্পষ্ট অক্ষরে "সম্পত্তি ক্রয়ের দরপত্র" লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হইতে হবে।

২. **দরপত্র আগামী ২১/১২/২০২৬ ইং তারিখ অপরাহ্ন ৩.০০ ঘটিকার মধ্যে** ব্যাংকে রক্ষিত নির্ধারিত দরপত্র বাক্সে সরাসরি কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে জমা দিতে হইবে। উক্ত দিবসেই অপরাহ্ন ৩.৩০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে।

৩. প্রত্যেক দরদাতা উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/-(পঞ্চাশ) লক্ষ টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে "বেসিক ব্যাংক পিএলসি" এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।

৪. অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- ((পঞ্চাশ) লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ) লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।

৫. দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে বা কম জামানত বা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করিলে তাহা সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

৬. উপরে বর্ণিত ৩ ও ৪ নং শর্তের অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

৭. সফল দরদাতাকে উল্লেখিত তফসিল বর্ণিত সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বসাশিত প্রতিষ্ঠানের যথা পৌরসভা, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভুমিকর ইত্যাদি সহ যে কোন বিল বা পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।

৮. কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক সংরক্ষন করেন বটে।

৯. সম্পত্তি রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও অন্যান্য কর ক্রেতাকে বহন করিতে হবে।

১০. নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১১. দরপত্র গৃহিত না হইলে জামানতের টাকা যথা সময়ে ফেরত প্রদান করা হইবে।

১২. নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যাক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হওয়ার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।

বগুড়া শাখার পক্ষে

সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও শাখা প্রধান

মোবাইল নং- ০১৭১৩-২৫৭৪৪৫

১। দৈনিক যুগান্তর

২। করতোয়া

প্রকাশ ২৭/১১/২০২৬